

নং- ০৫.০০.০০০০.২০২.০০.০০১.১৬-২০৫

তারিখ: ০৫/০৫/২০১৬ খ্রি.

বিষয়: Mid-Career Training Programme on Field Administration for Civil Servants of Bangladesh
দীর্ঘক প্রশিক্ষণের ২৭তম ব্যাচের জন্য কর্মকর্তা মনোনয়ন।

সূত্র: জনপ্রশাসন মন্ত্রণালয়ের পত্র নং- ০৫.০০.০০০০.২০২.১৯.০০১.১৬-১৮৯, তারিখ: ২৭/০৪/২০১৬ খ্রি.


উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, Mid-Career Training Programme on Field Administration for Civil Servants of Bangladesh এর ২৭তম ব্যাচের প্রশিক্ষণ আগামী ১৬/০৫/২০১৬ হতে ২৮/০৫/২০১৬ তারিখ মেয়াদে NCGG, India তে অনুষ্ঠানের জন্য নির্ধারিত ছিল যা আগামী ২৩/০৫/২০১৬ থেকে ০৪/০৬/২০১৬ তারিখ মেয়াদে অনুষ্ঠিত হবে।

২। উক্ত ব্যাচের জন্য মনোনীত কর্মকর্তাগণের অন-লাইনে আবেদন ফরম পূরণের জন্য বিস্তারিত নির্দেশনা এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

৩। কর্মকর্তাদের বর্ণিত প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য নিম্নোক্ত শর্তাবলী অনুসরণীয়:

- মনোনীত কর্মকর্তাবৃন্দের কমপক্ষে ৬ মাস মেয়াদ (ডিসেম্বর ২০১৬ পর্যন্ত) সম্পন্ন মেশিন রিডেবল অফিসিয়াল পাসপোর্ট থাকতে হবে।
- ইত:পূর্বে যে কোন পর্যায়ে যারা এ কোর্সে অংশগ্রহণ করেছেন তাদের ব্যতিত কর্মকর্তা মনোনয়ন দেয়া যাবে।
- নির্বাচন কমিশন, বাংলাদেশ ঘোষিত ইউনিয়ন পরিষদ, পৌরসভা বা অন্যান্য নির্বাচনে সংশ্লিষ্ট কর্মকর্তাকে মনোনয়ন দেয়া যাবে না।
- অন-লাইনে পূরণকৃত আবেদনের হার্ড কপিতে নির্ধারিত স্থানে আবেদনকারীকে স্বাক্ষর করতে হবে।
- প্রতি সেট আবেদন ফরমের সাথে ১ কপি জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, ১ কপি অফিসিয়াল পাসপোর্টের ফটোকপি এবং ১ কপি, চিকিৎসা সনদের ১ কপি, সর্বশেষ অর্জিত শিক্ষাগত সনদের ফটোকপি সংযুক্ত করতে হবে।
- আবেদনপত্র অনলাইনে প্রেরণের পর তার হার্ডকপি প্রিন্ট করতে হবে। অতঃপর অনলাইন আবেদনের সঙ্গে সংযুক্ত চিকিৎসা সনদের অনুরূপ সনদ চিকিৎসক দ্বারা (ইংরেজি সীলসহ) পূরণ করতে হবে। অনলাইনে প্রেরিত আবেদনের প্রিন্ট কপি ও চিকিৎসা সনদের হার্ডকপিসহ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।
- কোন কর্মকর্তা অনলাইনে আবেদন করতে ব্যর্থ হলে প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারবেন না।
- মনোনীত কর্মকর্তাবৃন্দের অনলাইনে পূরণকৃত আবেদনপত্র প্রাপ্তির পর মন্ত্রণালয় থেকে মনোনয়ন চূড়ান্ত করা হবে।
- মনোনীত কর্মকর্তাবৃন্দের যথাযথভাবে অনলাইনে আবেদনকৃত ফরমের ৩ সেট আবেদনের হার্ড কপি ও অন্যান্য সংশ্লিষ্ট কাগজপত্রসহ আগামী ১০/০৫/২০১৬ তারিখের মধ্যে সরাসরি জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিদেশ প্রশিক্ষণ অধিশাখায় (ভবন নং-২, ২য় তলা, কক্ষ নং-১০৯) অবশ্যই পৌঁছাতে হবে। এ বিষয়ে মনোনীত কর্মকর্তাবৃন্দকে প্রয়োজনীয় নির্দেশ প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে ১ ফর্দ।


(ড. আবদুল হামিদ)
উপসচিব
ফোনঃ ৯৫৭৪৪২৬
sasft.mopa@gmail.com

বিভাগীয় কমিশনার

ঢাকা/ চট্টগ্রাম/রাজশাহী/ রংপুর/ খুলনা/ সিলেট/ বরিশাল/ময়মনসিংহ বিভাগ।

অনুলিপি:

- ১। জেলা প্রশাসক,.....(সকল)।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৫। সিনিয়র সিস্টেমস এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

How to fill online application for Mid Career training Programme in India – 27th Batch

